দৈনিক ইনকিলাব

FEB 3 2001

পৃঃ ৭ কলাম ৬

# আজ ও কাল স্কুল কলেজ মাদ্রাসায় বাংলাদেশ শিক্ষক সমিতির ধর্মঘট আহ্বান

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহ-সভাপতি জুলফা মোহাম্মদ, মহাসচিব নজরুল ইসলাম, অতিরিক্ত মহাসচিব খলিলুর রহমান ভুঁইয়া, যুগ্ম মহাসচিব ফুরকান আহমদ এক যুক্ত বিবৃতিতে বলেন, আজ ও আগামীকাল ৪ ফেব্রুয়ারী সারাদেশে প্রতিটি স্কুল, কলেজ ও মাদ্রাসায় ধর্মঘট পালিত হবে। কালোচুক্তি বাতিল ও চাকরি জাতীয়করণ বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার জন্য নেতৃবৃন্দ বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের প্রতি উদাত্ত আহ্বান জানান। ধর্মঘট চলাকালে ভর্তি সংক্রান্ত কাজ যথারীতি চালিয়ে যেতে এবং শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর না করে ভিন্ন খাতায় স্বাক্ষর করতে অনুরোধ করা হয়।

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

**শিক্ষক ধর্মঘট** প্রথম পৃষ্ঠার পর

সরকার দাবী পূরণে ব্যর্থ হলে আগামী ১ মার্চ থেকে লাগাতার ধর্মঘট চলবে এবং প্রয়োজনবোধে, আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা বর্জন করা হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।